গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
আইসিটি শাখা
www.emrd.gov.bd

নং-২৮.০০.০০০০.০১১.০৬.০০১.২২. ৪৩

তারিখ: ১৬ শ্রাবণ ১৪২৯
৩১ জুলাই ২০২২

**বিষয়: মাসিকভিত্তিতে জ্বালানি অনুসন্ধান কাজ মনিটরিং কমিটির জুলাই, ২০২২ মাসের প্রতিবেদন প্রেরণ।**

২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে মাসিকভিত্তিতে জ্বালানি অনুসন্ধান কাজ মনিটরিং কমিটির জুলাই, ২০২২ মাসের প্রতিবেদন সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: জুলাই ২০২২ মাসের প্রতিবেদন।

মোঃ মাফরুল আলম
প্রোগ্রামার
ফোন: ৯৫৮৪৮৮৯
ইমেইল: programmer@emrd.gov.bd

সিনিয়র সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

[দৃ: আ: উপসচিব (প্রশাসন-২ অধিশাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ]

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। চেয়ারম্যান, পেট্রোবাংলা, কাওরান বাজার, ঢাকা।
২। পরিচালক (পিএসসি), পেট্রোবাংলা, কাওরান বাজার, ঢাকা।
৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৪। উপসচিব (প্রশাসন-২), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৫। ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স, ঢাকা
৬। ব্যবস্থাপনা পরিচালক, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড
৭। প্রকল্প পরিচালক, শরীয়তপুর-১ অনুসন্ধান কূপ খনন প্রকল্প, বাপেক্স, ঢাকা
৮। প্রকল্প পরিচালক, টবগী-১ অনুসন্ধান কূপ খনন প্রকল্প, বাপেক্স, ঢাকা
৯। প্রকল্প পরিচালক, কৈলাশটিলা-৮ অনুসন্ধান কূপ খনন প্রকল্প, বাপেক্স, ঢাকা
১০। উপ-মহাব্যবস্থাপক (ভিজিল্যান্স), পেট্রোবাংলা
১১। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (এ বিভাগের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
১২। যুগ্মসচিব (উন্নয়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

মোঃ মাফরুল আলম
প্রোগ্রামার

মাসিক ভিত্তিতে জ্বালানি অনুসন্ধান কাজ মনিটরিং এর জন্য গঠিত কমিটির
জুলাই, ২০২২ মাসের প্রতিবেদন

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বা এপিএ সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম মনিটরিং এর জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২৭ জুলাই, ২০২২ তারিখের ২৮.০০.০০০০.০২১.৪৫.০০১.২২.৩৩৬ সংখ্যক অফিস আদেশবলে মাসিক ভিত্তিতে জ্বালানি অনুসন্ধান কাজ মনিটরিং এর জন্য কমিটি পুনর্গঠন করা হয়। কার্যপরিধি অনুযায়ী উক্ত কার্যক্রমের ওপর কমিটি প্রতিমাসে অন্তত একটিসহ ১২টি মনিটরিং প্রতিবেদন দাখিল করবে এবং ২০২২-২৩ অর্থবছরের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনে সুপারিশ প্রদান করবে।

**২। লক্ষ্যমাত্রাঃ**

মন্ত্রিপরিষদ বিভাগের সাথে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের স্বাক্ষরিত ২০২২-২৩ অর্থবছরের এপিএ-এর অন্যতম কৌশলগত উদ্দেশ্য 'জ্বালানির বিভিন্ন উৎসের অনুসন্ধান' এর আওতায় ২ (দুই)টি উৎস অনুসন্ধানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। উল্লেখ্য, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা) এর আওতাধীন বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স) এবং সিলেট গ্যাস ফিল্ডস লিঃ (এসজিএফএল) কর্তৃক কয়েকটি অনুসন্ধান কূপ খননের কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।

**৩। কমিটির কার্যক্রমঃ**

কমিটি গত ২৮/৭/২০২২ তারিখ এক অনলাইন সভায় মিলিত হয়।'জ্বালানির বিভিন্ন উৎসের অনুসন্ধান' কার্যক্রমের আওতাধীন গ্যাস অনুসন্ধান কূপ খনন সংশ্লিষ্ট বিষয়াদিসহ অগ্রগতি আলোচনা করা হয়। ২০২২-২৩ অর্থবছরে চলমান ৩টি কূপ খননের মধ্যে শরীয়তপুর#১ অনুসন্ধান কূপ হতে বাণিজ্যিকভাবে উত্তোলনযোগ্য তৈল/গ্যাস আবিস্কার সাপেক্ষে দৈনিক গড়ে ৫-১০ এমএমএসসিএফ এবং কৈলাশটিলা#৮ অনুসন্ধান কূপ হতে দৈনিক গড়ে ২১ মিলিয়ন ঘনফুট হারে গ্যাস উৎপাদনের সম্ভাবনা রয়েছে বলে কমিটি অবহিত হয়। আলোচ্য কার্যক্রমের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে কমিটি কর্তৃক নিয়মিত মনিটরিং এবং আগামী মাসে কোন একটি কূপ খনন কার্যক্রম পরিদর্শনের সিদ্ধান্ত হয়।

**৪। কূপ খননের অগ্রগতিঃ**

জ্বালানির বিভিন্ন উৎস অনুসন্ধান কার্যক্রমের আওতায় ২০২২-২৩ অর্থবছরে বাস্তবায়নাধীন কয়েকটি অনুসন্ধান কূপ খননের জুলাই, ২০২২ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপঃ

| ক্রমঃ | কার্যক্রম | বিবরণ |
|---|---|---|
| ১। | শরীয়তপুর#১ অনুসন্ধান কূপ খনন | শরীয়তপুর#১ অনুসন্ধান কূপ ৩২০০ (±১০০) মিটার (TVDss) গভীরতায় খনন, পরীক্ষণ এবং কমপ্লিশন করা হবে। জুলাই, ২০২২ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপঃ<br><br>ক) **ভূমি অধিযাচন:** কূপ খনন এলাকার ৬.৪৯ একর ভূমি অধিযাচন করা হয়েছে। স্থানীয় সড়ক প্রশস্তকরণ ও বাঁক সরলীকরণের লক্ষ্যে ০.৬৩ একর ভূমি অধিযাচনের নিমিত্তে যৌথ তদন্ত জরিপ অনুষ্ঠিত হয়েছে।<br><br>খ) **ভূমি উন্নয়ন ও পূর্ত নির্মাণ:**কূপ খনন এলাকার ভূমি উন্নয়ন ও সংযোগ সড়ক নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। সড়ক প্রশস্তকরণের জন্য palisading, sand filling ও compaction কাজ চলমান রয়েছে। কূপ খনন এলাকায় রিগ ও মেশিনারি ফাউন্ডেশন, গেট ও ফেন্সিং, আবাসিক শেড, কিচেন-ডাইনিং নির্মাণ ও গভীর নলকূপ স্থাপনসহ বিভিন্ন পূর্ত কাজের জন্য স্বাক্ষরিত চুক্তি অনুযায়ী কাজ চলমান রয়েছে। |

| | | |
|---|---|---|
| | | **গ) বৈদেশিক মালামাল/যন্ত্রপাতি ক্রয়করণ:** প্রকল্পের ডিপিপি'র ক্রয় পরিকল্পনা মোতাবেক ১৭টি প্যাকেজ (ওয়েল কমপ্লিশন যন্ত্রপাতি, ওয়েলহেড, মাডকেমিক্যালস, ড্রিলবিট (১ লট), ব্রাইন ফিলট্রেশন ইউনিট, কেসিং এক্সেসরিজ ও লাইনার হ্যাঙ্গার (২টি এলসি), হাইড্রলিক কেসিং, মাডলগিং ইউনিট, মেকানিক্যাল স্পেয়ার্স (১ লট), ওয়েল কন্ট্রোল যন্ত্রপাতি, ড্রিল স্ট্রিং কমপোনেন্ট, সিমেন্ট, সিমেন্টএডিটিভস, মেকানিক্যাল/মাডপাম্প স্পেয়ার্স (১ লট), বিবিধ খনন যন্ত্রপাতি, ইলেকট্রিক্যাল স্পেয়ার্স, ওয়েল সার্ভিসিং টুলস) এর এলসি স্থাপন করা হয়েছে এবং মালামালসমূহ আমদানির পর্যায়ে রয়েছে।<br><br>**ঘ) তৃতীয় পক্ষীয় সেবা ক্রয়:** প্রকল্পের ডিপিপি ক্রয় পরিকল্পনা মোতাবেক ৪টি প্যাকেজ (ওয়্যারলাইন লগিং, সিমেন্টেশন, ডিএসটি,স্লিক লাইন) এর এলসি স্থাপন করা হয়েছে।<br><br>**ঙ) ইআইএ স্টাডি:** পরিবেশ অধিদপ্তর কর্তৃক পরিবেশ ছাড়পত্র সনদ ইস্যু করা হয়েছে।<br><br>**চ) রিগ পরিবহন:**রিগ ও রিগ মালামাল পরিবহনের জন্য আহ্বায়িত দরপত্র মূল্যায়ন শেষ হয়েছে। চুক্তি সম্পাদিত হলে রিগ ও রিগ সংক্রান্ত মালামাল পরিবহন শুরু হবে। |
| ২। | টবগী#১ অনুসন্ধান কূপ খনন | টার্ন কী ভিত্তিতে রাশিয়ার প্রতিষ্ঠান গ্যাজপ্রম (Gazprom EP International Investments B.V) এর মাধ্যমে অনুসন্ধান কূপ টবগী#১ খননের কার্যক্রম গৃহীত হয়েছে।<br><br>**ক) ভূমি হুকুম দখল/অধিগ্রহনঃ** কূপ খনন এলাকা ও কূপ খনন এলাকাসমূহে গমনের সংযোগ সড়কের জন্য ভূমি হুকুম দখল করণে প্রেরিত প্রাক্কলিত বিল বাপেক্স রাজস্ব খাত হতে জেলা প্রশাসক, ভোলা বরাবরে পরিশোধ করা হয়েছে।<br><br>**খ) ভূমি উন্নয়ন ও অন্যান্য পূর্ত কাজঃ** কূপ খনন এলাকার ভূমি উন্নয়ন ও কূপ খনন এলাকাসমূহে গমনের সংযোগ সড়ক নির্মান সংক্রান্ত কার্যক্রম চলমান আছে। কূপ এলাকার ভূমি উন্নয়ন এবং গ্রামীন সড়ক নির্মাণ / উন্নয়ন কার্যক্রম সন্তোষজনক ভাবে সম্পন্ন হয়েছে। এছাড়া,<br>• EPC ঠিকদার গ্যাজপ্রমের মাধ্যমে টবগী#১ কূপ স্থাপনার সাইট ডিমার্কেশনসহ সাইট ডেভেলপমেন্ট কার্যক্রম সম্পন্ন হয়েছে।<br>• ফেন্সিং, সেলার সার্ভে, রিগ ফাউন্ডেশন, মেশিনারি ফাউন্ডেশন, মাড পিট, গোডাউন, ক্যারাভেন স্কিড, সিকিউরিটি শেড নির্মাণ সম্পন্ন করতঃ ক্যারাভেন স্থাপন সম্পন্ন হয়েছে।<br>• টবগী#১ স্থাপনায় রিগ ও আনুষাজ্ঞিক মালামাল, জনবল, টুলস মোবিলাইজেশন সম্পন্ন করে রিগ আপ সম্পন্ন হয়েছে।<br>• রিগ সংক্রান্ত যন্ত্রাংশ, জনবল, মালামাল, কেসিং, মাড কেমিক্যাল, এক্সপ্লোসিভ, টিউবিং মালামাল আমদানী কার্যক্রম সম্পন্ন করা। ইতোমধ্যে তৃতীয় পক্ষীয় মালামাল ও বিভিন্ন সার্ভিস সংক্রান্ত জনবল এবং বিভিন্ন মালামাল,কেসিং পাইপ, টিউবিং, কেমিক্যাল, সিমেন্ট এর বিভিন্ন লট কূপ স্থাপনায় পৌঁছেছে।<br><br>**গ) যানবাহন হায়ারিং, স্থানীয় মালামাল ক্রয়ঃ** প্রকল্পের অন্তর্ভুক্ত যানবাহন হায়ারিং সম্পন্ন হয়েছে। এছাড়া কম্পিউটার, আসবাবপত্র, অফিস সারঞ্জাম ক্রয় কার্যক্রম সম্পন্ন হয়েছে। পল্লী বিদ্যুৎ সংযোগ কার্যক্রম গ্রহনের অংশ হিসেবে কূপ স্থাপনায় বিদ্যুৎ সংযোগ সম্পন্ন হয়েছে এবং এতদসংক্রান্ত বিভিন্ন মালামাল ক্রয় কার্যক্রম সম্পন্ন হয়েছে।<br><br>**ঘ) ইআইএ স্টাডিঃ**পরিবেশ অধিদপ্তর হতে পরিবেশগত চূড়ান্তছাড়পত্র সনদপাওয়া গিয়েছে।<br><br>গ্যাজপ্রম কর্তৃক নিয়োজিত খনন ঠিকদার ও তৃতীয় পক্ষীয় সার্ভিস প্রদানকারী ঠিকাদার এর মাধ্যমে রিগ ও আনুষাজ্ঞিক ইক্যুইপমেন্ট (জেনারেটর, মাড ট্যাঙ্ক, বিওপি, লগিং সিস্টেম) ইন্সপেকশন কার্যক্রম সম্পন্ন করে আগামী ১৯/৮/২০২২ তারিখের মধ্যে মূল খনন কার্যক্রম শুরুর পরিকল্পনা রয়েছে। |

| | | |
|---|---|---|
| ৩। | কৈলাশটিলা# ৮ অনুসন্ধান কূপ খনন | সিলেটের গোলাপগঞ্জস্থ কৈলাশটিলা স্ট্রাকচারে ১৫০,২৭.০০লক্ষটাকা ব্যয়ে ২৫০০ (±৫০) মিটার গভীরতায় ১টি অনুসন্ধান কূপ খনন করা হবে।<br><br>**ক) ভূমি অধিগ্রহণ:** ৬.৫৮ একর জমি অধিগ্রহণের জন্য সিলেট ডিসি অফিস কর্তৃক ৮(৩) ধারা নোটিশ জারি করা হয়েছে। ডিসি অফিস কর্তৃক জমির মালিকানা হস্তান্তর করা হয়েছে।<br><br>**খ) ভূমি উন্নয়ন, রিগ ফাউন্ডেশন, সীমানা প্রাচীর নির্মাণ ও অন্যান্য পূর্ত কাজ:** ভূমি উন্নয়ন, রিগ ফাউন্ডেশন, সীমানা প্রাচীর নির্মাণ ও অন্যান্য পূর্তকাজ সম্পাদনের নিমিত্ত আহবানকৃত দরপত্রের বিপরীতে প্রাপ্ত দরপত্র মূল্যায়ন করতঃ চুক্তি সম্পাদনে সিসিজিপি'র অনুমোদন গ্রহণপূর্বক নির্বাচিত সর্বনিম্ন দরপত্রদাতার সাথে চুক্তি সম্পাদন করা হয়েছে। ঠিকাদার প্রতিষ্ঠানের সাথে যৌথ জরিপ সম্পন্ন করা হয়েছে। বিগত ০২/০৭/২০২২ তারিখ হতে ভূমি উন্নয়নের কাজ শুরু হয়েছে।<br><br>**গ) বৈদেশিক পরামর্শক নিয়োগ:** বৈদেশিক পরামর্শক নিয়োগের জন্য আহবানকৃত দরপ্রস্তাবের বিপরীতে প্রাপ্ত দরপত্রের মধ্যে সর্বোচ্চ স্কোরধারী প্রতিষ্ঠান মেসার্স Rich Spread Group Limited এর সাথে ০৭/১১/২০২১ তারিখে চূড়ান্ত চুক্তি স্বাক্ষরিত হয়েছে। পরামর্শক খনন কার্যক্রম শুরু হলে সেবা প্রদান করবে।<br><br>**ঘ) মালামাল ক্রয়:** দুই লট খনন মালামাল (ডাউন হোল কমপ্লিশন ইক্যুপমেন্ট এবং মাড ও কমপ্লিশন কেমিক্যাল) ক্রয়ের লক্ষ্যে আহবানকৃত দরপত্র মূল্যায়ন করতঃ সিসিজিপির অনুমোদন পাওয়া গিয়েছে। প্রশাসনিক মন্ত্রণালয়ের অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে ডাউন হোল ইক্যুপমেন্টের জন্য M/s. Halliburton Far East Pte Ltd. এবং মাড ও কমপ্লিশ কেমিক্যালের জন্য Global Drilling Fluids and Chemicals Limited এর সাথে চুক্তি সম্পাদন করা হবে।।<br><br>**ঙ) তৃতীয় পক্ষীয় প্রকৌশল সেবা:** আহবানকৃত দরপত্রের মূল্যায়নপূর্বক সিসিজিপির অনুমোদন সাপেক্ষে (১) ওয়্যার লাইন লগিংসার্ভিসেস এর জন্য China Petroleum Logging Co. Ltd (২) ডিএসটিই ও প্রোডাকশন টেস্টিং সার্ভিস এর জন্য Almansoori Petroleum Services LLC(৩) কোর ও পিভিটি এনালাইসিস সার্ভিস এর জন্য PanTerraGeoconsultans B.V.এর সাথে চুক্তি সম্পাদিত হয়েছে।(১) ডিরেকশনাল ড্রিলিং সার্ভিস (২) স্লিকলাইন অপারেশন সার্ভিস (৩) সিমেন্ট ও সিমেন্ট এডিটিভস এবং রিএজেন্ট ও টেস্টিং কিডসহ সিমেন্টেশন সার্ভিস এর জন্য M/s. Halliburton Far East Pte Ltd.এর সাথে সহসা চুক্তি সম্পাদন করা হবে।<br><br>**চ) ড্রিলিং অপারেশন:** আলোচ্য খনন অপারেশনসহস মাড ইঞ্জিনিয়ারিং ও মাড লগিং সার্ভিস, টেস্টিং সার্ভিস-সহ স্লিক লাইন ইউনিট বাপেক্স কর্তৃক প্রদান বিষয়ে গত ১৪/১২/২০২১ তারিখে বাপেক্সের সাথেখসড়া চুক্তি সম্পন্ন হয়েছে। সিসিজিপি'র অনুমোদন সাপেক্ষে চূড়ান্ত চুক্তি স্বাক্ষর করা হবে। জানুয়ারী ২০২৩ মাসে ড্রিলিং অপারেশন শুরু করা হবে।<br><br>**ছ) ইআইএ:** পরিবেশ অধিদপ্তর হতে পরিবেশ ছাড়পত্র পাওয়া গিয়েছে। EQMS Consulting Ltd. কে বিল পরিশোধ করা হয়েছে। |

**৪। সিদ্ধান্ত/সুপারিশঃ**

(ক) ২০২২-২৩ অর্থবছরের এপিএ-তে নির্ধারিত ২টি অনুসন্ধান কূপ খননের কার্যক্রম পরিকল্পনা অনুযায়ী সম্পন্নে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকতে হবে;

(খ) অনুসন্ধান কূপ খননের হালনাগাদ তথ্য প্রতিমাসে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সংশ্লিষ্ট কমিটির নিকট প্রেরণ করতে হবে; এবং

(গ) মনিটরিং টিম আগামী মাসের সুবিধাজনক সময়ে কোন একটি অনুসন্ধান কূপ খননের কার্যক্রম সরেজমিনে পরিদর্শনপূর্বক একটি প্রতিবেদন এ বিভাগে দাখিল করবে।

মোঃ মাফরুল আলম
প্রোগ্রামার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

এম নাসিমুল আলীম
উপমহাব্যবস্থাপক (ভিজিলেন্স)
পেট্রোবাংলা

মোছাম্মাৎ ফারহানা রহমান
উপসচিব (প্রশাসন-২)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

শাহিনা খাতুন
যুগ্মসচিব (উন্নয়ন)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ